

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৫. ৯. বাপ্তিম্ম গ্রহণের পর তিন দিন যীশু কোথায় ছিলেন?

মথি, মার্ক ও লূকের বর্ণনায় যোহনের নিকট বাপ্তিস্ম গ্রহণের সঙ্গে সঙ্গে চল্লিশ দিনের জন্য আত্মা যীশুকে প্রান্তরে পাঠিয়ে দেন (মথি ৪/১-১১; মার্ক ১/৯-১৩ ও লূক ৩/২১-২২ ও ৪/১-১৩)। "আর তৎক্ষণাৎ (immediately) পাক-রূহ (the Spirit) ঈসাকে মরুভূমিতে পাঠিয়ে দিলেন। সেই মরুভূমিতে তিনি চল্লিশ দিন ধরে শয়তানের দ্বারা পরীক্ষিত হলেন।" (মার্ক ১/১২-১৩, মো.-১৩)

যোহন সম্পূর্ণ বিপরীত তথ্য দিয়েছেন। তিনি বাপ্তিস্মের পরে শয়তান কর্তৃক পরীক্ষিত হওয়ার কথা মোটেও লেখেননি। উপরস্তু যোহন বাপ্তাইজকের সাথে সাক্ষাতের পরের তিন দিন যীশু কোথায় কী করেন তার বিস্তারিত বর্ণনা দিয়েছেন। যোহনের বর্ণনায় এ তিন দিন যীশু শহরেই ছিলেন। বাপ্তিস্মের পরদিন আবার যোহন বাপ্তাইজকের সাথে সাক্ষাৎ হয় এবং শিষ্যদের সাথে কথাবার্তা বলেন। দ্বিতীয় দিন তিনি শিষ্যদের সাথে গালীল গমন করেন এবং তৃতীয় দিন গালীলের কান্না নগরের এক বিবাহ ভোজসভায় যীশু, তাঁর মাতা ও শিষ্যরা উপস্থিত হন। সেখানে যীশু তাঁর অলৌকিক কর্ম প্রদর্শন করেন। এরপর তিনি যিরূশালেম গমন করেন। (যোহন ১/৩৫-৫১ ও ২/১-১৩)

ইউহোয়া বা যোহনের ইঞ্জিলের লেখক প্রথম থেকেই যীশুকে ঈশ্বর হিসেবে উপস্থাপন করেছেন। তাঁর ইঞ্জিলের পাঠকের জন্য এ কথা কল্পনা করাও ঈশ্বর অবমাননা যে, যীশু শয়তান কর্তৃক পরীক্ষিত হবেন! কাজেই খুবই স্বাভাবিক কথা যে, ইবলিস কর্তৃক ঈসাকে পরীক্ষা করার ঘটনা তিনি উল্লেখ করবেন না। কিন্তু বাপ্তিম্মের সঙ্গে সঙ্গে ৪০ দিনের জন্য মরভূমিতে যেয়ে সেখানে অবস্থান করা, উপবাস করা এবং শয়তান কর্তৃক পরীক্ষিত হওয়ার সাথে বাপ্তিম্মের পরের দিন থেকে প্রতিদিন জনগণের মধ্যে বাস করা, প্রচার করা ও অলৌকিক কর্ম প্রদর্শনের সমন্বয় করবেন কিভাবে?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14005

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন